খুলনা বিশ্ববিদ্যালয়
খুলনা
রেজিস্ট্রারের কার্যালয়
(সংস্থাপন-০৩)

নিয়োগ সংক্রান্ত নীতিমালা

খুলনা বিশ্ববিদ্যালয়ের বিধি মোতাবেক প্রদেয় বেতন ও অন্যান্য আর্থিক সুবিধাসহ বিশ্ববিদ্যালয়ে নিম্নবর্ণিত কর্মকর্তা শূন্যপদ পূরণের জন্য বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট থেকে দরখাস্ত আহবান করা যাচ্ছে-

ক্রঃ নং	পদের নাম ও সংখ্যা	বেতন স্কেল ও গ্রেড '২০১৫ অনুযায়ী	শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা
০১।	সহকারী প্রকৌশলী (সিভিল) ০১ (এক) টি	বেতন স্কেল (২২,০০০-৫৩,০৬০/-) (গ্রেড-৯)	প্রার্থীকে বাংলাদেশের অথবা বিদেশের কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে প্রকৌশল (পুরকৌশল) এ কমপক্ষে ০৪ (চার) বছর মেয়াদী বি.এস.সি ইঞ্জিনিয়ারিং ডিগ্রির অধিকারী হতে হবে। শিক্ষা জীবনে স্নাতক/স্নাতকোত্তর পর্যায়ে ন্যূনতম ০১টি প্রথম বিভাগ/শ্রেণি/সমগ্রেডসহ সকল পর্যায়ে কমপক্ষে দ্বিতীয় বিভাগ/শ্রেণি/সমগ্রেড থাকতে হবে। বয়স : অনূর্ধ্ব ৩২ বছর। অথবা প্রার্থীকে বাংলাদেশের অথবা বিদেশের কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় / পলিটেকনিক ইনস্টিটিউট থেকে প্রকৌশল (পুরকৌশল) এ কমপক্ষে ডিপ্লোমা ইন-ইঞ্জিনিয়ারিং পাশ হতে হবে। শিক্ষা জীবনের সকল পর্যায়ে কমপক্ষে দ্বিতীয় বিভাগ/শ্রেণি/সমগ্রেড থাকতে হবে। প্রার্থীকে কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয়/সরকারি/ আধা-সরকারি/স্বায়ত্বশাসিত/শিক্ষা প্রতিষ্ঠান সংশ্লিষ্ট বিষয়ে উপ সহকারী প্রকৌশলী/ সমমানের ২য় শ্রেণির পদে (বর্তমান মূল বেতন ১৬,০০০/- স্কেলে) পদমর্যাদায় ০৩ (তিন) বছর প্রকৌশল সংশ্লিষ্ট কাজে চাকরির অভিজ্ঞতা থাকতে হবে। বয়স : অনূর্ধ্ব ৩২ বছর।
০২।	সহকারী প্রকৌশলী (মেকানিক্যাল) ০১ (এক) টি	বেতন স্কেল: (২২,০০০-৫৩,০৬০/-) (গ্রেড-৯)	প্রার্থীকে বাংলাদেশের অথবা বিদেশের কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে প্রকৌশল (যেমন, যন্ত্রকৌশল/অটোমোবাইল বা সংশ্লিষ্ট বিষয়) এ কমপক্ষে ০৪ (চার) বছর মেয়াদী বি.এস.সি ইঞ্জিনিয়ারিং ডিগ্রির অধিকারী হতে হবে। শিক্ষা জীবনে স্নাতক/স্নাতকোত্তর পর্যায়ে ন্যূনতম ০১টি প্রথম বিভাগ/শ্রেণি/সমগ্রেডসহ সকল পর্যায়ে কমপক্ষে দ্বিতীয় বিভাগ/শ্রেণি/সমগ্রেড থাকতে হবে। বয়স অনূর্ধ্ব ৩২ বছর। অথবা প্রার্থীকে বাংলাদেশের অথবা বিদেশের কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয়/পলিটেকনিক ইনস্টিটিউট থেকে প্রকৌশল (যেমন, যন্ত্রকৌশল/অটোমোবাইল বা সংশ্লিষ্ট বিষয়) এ কমপক্ষে ডিপ্লোমা ইন-ইঞ্জিনিয়ারিং পাশ হতে হবে। শিক্ষা জীবনের সকল পর্যায়ে কমপক্ষে দ্বিতীয় বিভাগ/শ্রেণি/সমগ্রেড থাকতে হবে। প্রার্থীকে কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় /সরকারি/ আধা-সরকারি/ স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানে সংশ্লিষ্ট বিষয়ে উপ সহকারী প্রকৌশলী/ সমমানের ২য় শ্রেণির (বর্তমান মূল বেতন ১৬,০০০/- স্কেল) পদমর্যাদায় ০৩ (তিন) বছর প্রকৌশল সংশ্লিষ্ট কাজে চাকরির অভিজ্ঞতা থাকত হবে। বয়স অনূর্ধ্ব ৩২ বছর।
০৩।	রিসার্চ অফিসার ০১ (এক) টি	বেতন স্কেল: (২২,০০০-৫৩,০৬০/-) (গ্রেড-৯)	প্রার্থীকে কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে কমপক্ষে স্নাতকোত্তর/সমমানের ডিগ্রির অধিকারী হতে হবে। শিক্ষা জীবনে স্নাতক/স্নাতকোত্তর পর্যায়ে ন্যূনতম ০১ টি প্রথম বিভাগ/শ্রেণি/সমগ্রেডসহ সকল পর্যায়ে কমপক্ষে দ্বিতীয় বিভাগ/শ্রেণি/সমগ্রেড থাকতে হবে। গবেষণা সংক্রান্ত কাজ/গবেষণা প্রবন্ধ প্রস্তুতের কাজে বাস্তব অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীকে অগ্রাধিকার দেয়া যেতে পারে। বয়সঃ অনূর্ধ্ব ৩২ বছর।

নিয়মাবলী ঃ

১। আবেদন অনলাইনে (https://ku.ac.bd/career) এ নির্ধারিত ফরম এ করতে হবে এবং পূরণকৃত আবেদনপত্র ডাউনলোড করত: প্রয়োজনীয় (০৫ নং শর্তে চাহিত) কাগজপত্রাদি সহ ১০ (দশ) সেট আবেদনপত্র রেজিস্ট্রার, খুলনা বিশ্ববিদ্যালয়, খুলনা -৯২০৮ বরাবর ১৩-০৯-২০২২ থেকে ১২-১০-২০২২ খ্রি.তারিখের মধ্যে ডাকযোগে/সরাসরি হার্ডকপি প্রেরণ করতে হবে। উল্লেখ্য, অনলাইন আবেদনের সাথে ৭৫০/- (সাতশত পঞ্চাশ) টাকা অনলাইন এ পেমেন্ট করতে হবে।

২। খামের উপর অবশ্যই পদের নাম উল্লেখ করতে হবে।

৩। নিয়োগ নীতিমালায় বর্ণিত না থাকলে স্নাতকোত্তর ও স্নাতক ডিগ্রি নিম্নরূপে সমমান বিবেচিত হবে-
স্নাতকোত্তর /সমমান = ৪ বছর মেয়াদী স্নাতক = ৩ বছর মেয়াদী স্নাতক + ১ বছর মেয়াদী স্নাতকোত্তর = ২ বছর মেয়াদী স্নাতক + ২ বছর মেয়াদী স্নাতকোত্তর । অর্থাৎ কমপক্ষে ১৬ বছরের প্রাতিষ্ঠানিক ডিগ্রি। স্নাতক /সমমান = ৪ বছরের কম যে কোন স্নাতক ডিগ্রি।

৪। নিয়োগ নীতিমালায় বর্ণিত না থাকলে এসএসসি/সমমান, এইচএসসি/সমমান, স্নাতক /সমমান ও স্নাতকোত্তর /সমমানের ডিগ্রির বিভাগ/শ্রেণি/গ্রেড নিম্নরূপে সমমান বিবেচিত হবে -
সাধারণ - ১ম বিভাগ/শ্রেণি = জিপিএ ৩.০০ (৪.০০ স্কেলে) = জিপিএ ৩.৫০ (৫.০০ স্কেলে) এবং ২য় বিভাগ/শ্রেণি = জিপিএ ২.২৫ (৪.০০ স্কেলে) = জিপিএ ২.৫০ (৫.০০ স্কেলে)। কলা ও মানবিক - ১ম বিভাগ/শ্রেণি = জিপিএ ২.৭৫ (৪.০০ স্কেলে) = জিপিএ ৩.২৫ (৫.০০ স্কেলে) এবং ২য় বিভাগ/শ্রেণি = জিপিএ ২.০০ (৪.০০ স্কেলে) = জিপিএ ২.২৫ (৫.০০ স্কেলে)।

৫। প্রতি সেট আবেদনপত্রের সংগে নিম্নলিখিত কাগজ-পত্রাদি অবশ্যই দাখিল করতে হবে-
ক) সকল শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতার সনদের সত্যায়িত কপি
খ) নাগরিকত্ব সনদ, জাতীয় পরিচয় পত্র ও কম্পিউটার সনদের সত্যায়িত কপি
গ) সম্প্রতি তোলা পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি (প্রতি সেটে একটি করে)
ঘ) যে কোন এক সেট আবেদনপত্রের সঙ্গে অনলাইনে জমাকৃত পেমেন্ট স্লিপ

৬। এই নীতিমালায় কর্মকর্তা হিসেবে প্রতিটি পদে নিয়োগের ক্ষেত্রে খুলনা বিশ্ববিদ্যালয়ে ০৫ (পাঁচ) বছর বা তদূর্ধ্ব পর্যন্ত কর্মরত কর্মকর্তাদের জন্য শিক্ষাগত যোগ্যতা (কেবল বিভাগ/শ্রেণি/গ্রেড) এবং বয়স শিথিলযোগ্য। তবে কর্মরত প্রার্থীরা এই শিথিলতার সুযোগ একবারের বেশি প্রাপ্য হবেন না।

৭। কর্মরত প্রার্থীকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে এবং বর্তমান প্রতিষ্ঠানের অনাপত্তিপত্র সংযুক্ত করতে হবে।

৮। প্রার্থীকে অবশ্যই বাংলাদেশের স্থায়ী নাগরিক হতে হবে। দ্বৈত নাগরিকত্ব গ্রহণযোগ্য নয়। বিদেশে স্থায়ীভাবে বসবাসরত/বসবাসের অনুমতিপ্রাপ্ত ব্যক্তিও বিবেচিত হবেন না।

৯। অনুমোদিত পদ থাকা সাপেক্ষে বিজ্ঞাপিত পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধি হতে পারে।

১০। আবেদনপত্র আগামী ১৩-০৯-২০২২ থেকে ১২-১০-২০২২ খ্রি. তারিখ অফিস চলাকালীন ডাকযোগে/সরাসরি নিম্নস্বাক্ষরকারীর দপ্তরে অবশ্যই পৌঁছাতে হবে।

১১। নিয়োগ সংক্রান্ত কর্তৃপক্ষীয় সিদ্ধান্ত চূড়ান্ত বলে বিবেচিত হবে।

১২। লিখিত/মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টি.এ./ডি.এ. প্রদান করা হবে না।

(প্রফেসর খান গোলাম কুদ্দুস)
রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত)